**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 14-03-2026** **Desk in Charge : SDG**

**Time : 7-50 PM** **Compiling : Priya B./ Chanchal B.**

**DEO: KB** **NRT : Priya Biswakarma**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় রাজ্যের জন্য ১৮ হাজার ৭০০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। সড়ক উন্নয়ন খাতে প্রায় ১৬ হাজার ৯৯০ কোটি টাকা ব্যয় করা হচ্ছে।

২/ ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে বিজেপির ‘পরিবর্তন সংকল্প সভা’য় প্রধানমন্ত্রী বলেছেন, কাটমানি ও আতঙ্ক থেকে মুক্তি দিয়ে বাংলার আত্মাকে বাঁচানোর জন্য আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে সরকার বদলের প্রয়োজন। #রাষ্ট্রপতিকে তৃণমূল কংগ্রেস সরকারের অসম্মান, গোটা আদিবাসী সমাজ ও মহিলাদের অপমান বলে মন্তব্য করেছেন শ্রী মোদী।

# প্রধানমন্ত্রীর ব্রিগেড সভাস্থলে যাওয়ার পথে উত্তর কলকাতার গিরিশ পার্কে বিজেপি ও তৃণমূলের কর্মী সমর্থকদের মধ্যে সংঘর্ষকে কেন্দ্র করে এলাকা রণক্ষেত্রের চেহারা নেয়। দুদলেরই অভিযোগের তির পরস্পরের বিরুদ্ধে।

৩/ দেশে কোনো খুচরো বিক্রয় কেন্দ্রে তেলের অভাব নেই বলে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা জানিয়েছেন।

৪/ নিম্নচাপ অক্ষরেখা ও জলীয় বাষ্পের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামীকাল থেকে বৃষ্টির সম্ভাবনা।

৫/ ISL ফুটবলে ইস্টবেঙ্গল ও কেরালা ব্লাস্টার্স-এর মধ্যে খেলাটি এক-এক গোলে শেষ হয়েছে।

# অন্যম্যাচে, বেঙ্গালুরু এফ সি ও মোহনবাগান সুপার জায়য়ান্টস মুখোমুখি।

*******************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ড থেকে ১৮ হাজার ৭০০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এর মধ্যে রয়েছে সড়ক পরিবহণ, রেল, বন্দর ও জাহাজ চলাচল ইত্যাদি একাধিক প্রকল্প। এই কর্মসূচি পূর্ব ভারত ও পশ্চিমবঙ্গের উন্নয়নের নতুন অধ্যায় সূচনা করবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন শ্রী মোদী। **প্রশাসনিক সভার মঞ্চ** থেকে তিনি বলেন, এই প্রকল্পগুলি বাস্তবায়িত হলে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে, যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে এবং লক্ষ লক্ষ মানুষের জীবনযাত্রা আরও সহজ হবে। বাংলার অর্থনীতি গতি পাবে। শক্তিশালী যোগাযোগ ব্যবস্থা এবং আধুনিক পরিকাঠামো, বিকশিত বাংলার ভিত্তি স্থাপন করবে বলে তিনি জানান।

( বাইট- মোদী/ বিকশিত বাংলা )

উল্লেখ্য, আজকের অনুষ্ঠানে প্রায় ১৬ হাজার ৯৯০ কোটি টাকা ব্যয়ে ৪২০ কিলোমিটার দীর্ঘ একাধিক **জাতীয় সড়ক** প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করা হয়েছে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডের ১৯ নম্বর এবং পশ্চিমবঙ্গের ১১৪ নম্বর জাতীয় সড়কের বিভিন্ন অংশ। খড়গপুর–মোরগ্রাম অর্থনৈতিক করিডরের ২৩১ কিলোমিটার দীর্ঘ চার-লেন প্রকল্পের পাঁচটি প্যাকেজের শিলান্যাস করেন প্রধানমন্ত্রী।

**********************

পুরুলিয়া থেকে নতুন দিল্লির আনন্দ বিহার টার্মিনাল পর্যন্ত নতুন একটি এক্সপ্রেস **ট্রেন পরিষেবার**’ও আজ সূচনা হয়েছে। এর ফলে পশ্চিমবঙ্গের পাশাপাশি ঝাড়খণ্ড, বিহার, উত্তরপ্রদেশ এবং দিল্লির সঙ্গে যোগাযোগ আরও সহজ হবে।

‘অমৃত ভারত স্টেশন’ প্রকল্পের অধীনে পুনর্নির্মিত ছয়টি **রেল স্টেশনে**র উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। এগুলি হল- কামাখ্যাগুড়ি, আনারা, তমলুক, হলদিয়া, বরাভূম ও সিউড়ি। পশ্চিম মেদিনীপুরের বেলদা ও দাঁতনের মধ্যে ১৬ কিলোমিটার দীর্ঘ তৃতীয় রেল লাইন এবং কলাইকুন্ডা ও কানিমহুলির মধ্যে স্বয়ংক্রিয় ব্লক সিগনালিং ব্যবস্থাও জাতির উদ্দেশে উৎসর্গ করেন তিনি।

**বন্দর ও জলপথ** পরিকাঠামো উন্নয়নেও একাধিক প্রকল্পের সূচনা হয়েছে। হলদিয়া ডক কমপ্লেক্সের বার্থ নম্বর-২ ও বার্থ নম্বর ৫-এর যান্ত্রিকীকরণ, কলকাতা ডক সিস্টেমের বাস্কুল ব্রিজ সংস্কার, খিদিরপুর ডকের ইয়ার্ড উন্নয়ন ও ড্রেনেজ ব্যবস্থা উন্নত করা, হাওড়া ব্রিজ থেকে নিমতলা ঘাট পর্যন্ত নদীতীর সংস্কার এবং নদীভিত্তিক পর্যটনের জন্য নতুন টার্মিনাল ভবন নির্মাণ-সহ একাধিক বন্দর প্রকল্পের শিলান্যাস হয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, জাহাজ ও জলপথ পরিবহন প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর প্রমুখ।

*********************

রাজ্যে এবারের বিধানসভা নির্বাচন, বাংলার অস্তিত্ব রক্ষার নির্বাচন বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। কলকাতায় আজ ব্রিগেড ময়দানে বিজেপির ‘পরিবর্তন যাত্রা’ কর্মসূচির সমাপ্তি উপলক্ষে আয়োজিত পরিবর্তন সংকল্প সভায় তিনি বলেন, এই নির্বাচন শুধুমাত্র সরকার বদলের নির্বাচন নয়, বাংলার আত্মাকে বাঁচানো, প্রশাসনের পরিবর্তন, কাটমানি থেকে রেহাই এবং ভয় থেকে মুক্তির নির্বাচন।

মুখ্যমন্ত্রী তোষণের রাজনীতি করছেন বলে অভিযোগ করে শ্রী মোদী বলেন, কোনো একটি সম্প্রদায় ঘিরে ধরে অন্য সম্প্রদায়ের মানুষকে শেষ করে ফেলতে পারে বলে মুখ্যমন্ত্রী যে মন্তব্য করেছেন তা অত্যন্ত নিন্দনীয় এবং সংবিধান বিরোধী। বাংলায় বিজেপি ক্ষমতায় এলে কড়ায় গণ্ডায় এর হিসেব নেওয়া হবে।

প্রধানমন্ত্রীর অভিযোগ, রাজ্যের শাসক দল নিজেদের শক্তি বৃদ্ধি করতে অনুপ্রবেশকারীদের মদত দিচ্ছে। এই অনুপ্রবেশকারীদের জন্য বাংলার মানুষের খাদ্য, জমি এবং বিশেষ করে মহিলারা বিপদে রয়েছেন। এরা বাংলার মানুষের রোজগার কেড়ে নিচ্ছে। রাজ্যের বেশিরভাগ এলাকায় জনবিন্যাসের পরিবর্তন ঘটছে। এই অনুপ্রবেশকারীদের নাম ভোটার তালিকায় রাখার জন্য তৃণমূল কংগ্রেস SIR-এর বিরোধিতা করছে।

দলীয় সমর্থকরা যাতে ব্রিগেডে না আসতে পারে তার জন্য তৃণমূল কংগ্রেস সরকার ব্রিজ বন্ধ করে দিয়েছে, গাড়ি আটকে দিয়েছে বলেও প্রধানমন্ত্রীর অভিযোগ। রাজ্য সরকারের

পতনের বিউগল বেজে গেছে এবং এই নির্মম সরকারের পতন অনিবার্য বলে তিনি মন্তব্য করেন।

দুর্নীতি ইস্যুতে তৃণমূলকে নিশানা করে প্রধানমন্ত্রী বলেন, চা-বাগানের শ্রমিকদেরও কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা দিতে দেয় না শাসকদল। আবাস যোজনা, জল জীবন মিশন, আয়ুষ্মান ভারত, পিএম কিষাণ- সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা থেকে রাজ্যের মানুষকে শাসক দল বঞ্চিত করেছে।

( বাইট- PM দুর্নীতি )

RG KAR, কসবা ল' কলেজ, সন্দেশখালির ঘটনার উল্লেখ করে তিনি বলেন এরাজ্যে মহিলারা সুরক্ষিত নন। তাঁরা নিয়মিত নিগ্রহের শিকার হচ্ছেন।

( বাইট- PM মহিলাদের বলাৎকার )

**********************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর শিলিগুড়িতে গত ৭'ই মার্চ-এর অনুষ্ঠানকে কেন্দ্র করে রাজ্য সরকারের আচরণ, গোটা আদিবাসী সমাজের অপমান বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন। ব্রিগেডে পরিবর্তন সংকল্প সভায় তিনি বলেন, সাঁওতাল-আদিবাসী আন্তর্জাতিক সম্মেলন, রাজ্য সরকার বয়কট করার পাশাপাশি অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতাও করেনি।

রাষ্ট্রপতির প্রতি এই আচরণ কোটি কোটি আদিবাসী এবং নারী সম্মানের ওপর আঘাত বলে মন্তব্য করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, দেশের সর্বোচ্চ সাংবিধানিক পদ এবং সংবিধানের মর্যাদা, এর ফলে ভূলুণ্ঠিত হয়েছে।

( বাইট- মোদী/ প্রেসিডেন্ট )

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ব্রিগেড সভাস্থলে যাওয়ার পথে উত্তর কলকাতার গিরিশ পার্কে বিজেপি ও তৃণমূলের কর্মী সমর্থকদের দফায় দফায় সংঘর্ষকে কেন্দ্র করে এলাকা রণক্ষেত্রের চেহারা নেয়। পরিস্থিতি সামাল দিতে গিয়ে ইটের ঘায়ে গুরুতর আহত হয়েছেন বৌবাজার থানার ওসি বাপ্পাদিত্য নস্কর।

বিজেপির অভিযোগ, তাদের কর্মীদের বাস লক্ষ্য করে ইট ছোঁড়ে শাসকদল আশ্রিত

দুষ্কৃতিরা। ভাঙচুর করা হয় বাসেও। এর জেরে দলের উত্তর কলকাতা জেলা সভাপতি তমোঘ্ন ঘোষ-সহ বেশ কয়েক জন কর্মী আহত হয়েছেন বলে খবর। তাঁদের হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পুলিশের সামনেই এই ঘটনা ঘটলেও তারা নিষ্ক্রিয় ছিল বলে বিজেপির দাবি।

শাসকদলের অভিযোগ, প্রধানমন্ত্রীর সভায় যোগ দিতে যাওয়ার সময় বিজেপি কর্মী-সমর্থকরা রাজ্যের মন্ত্রী শশী পাঁজার বাড়ি লক্ষ্য করে পাথর ছোঁড়ে।

*********************

দেশে কোনো খুচরো বিক্রয় কেন্দ্রে তেলের অভাব নেই বলে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা জানিয়েছেন। তিনি বলেছেন, দেশে পর্যাপ্ত পরিমাণে LPG, ডিজেল, পেট্রোল ও অপরিশোধিত তেল মজুত রয়েছে।

LPG সিলিন্ডার বুক করা নিয়ে জনগনকে অযথা আতঙ্কিত না হওয়ার পরামর্শ দিয়ে তিনি বলেন, প্রয়োজন অনুযায়ী গ্যাস গ্যাস বুক করতে হবে। ২৯ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্য বাণিজ্যিক সিলিন্ডার দেওয়ার কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। সিলিন্ডারের কালোবাজারি রুখতে বিভিন্ন রাজ্যগুলি বিশেষ অভিযান চালাচ্ছে।

এদিকে, ভারতীয় পতাকাবাহী দুটি জাহাজ শিবালিক ও নন্দা দেবী আজ সকালে নিরাপদে হরমুজ প্রণালী পার করেছে।

অন্যদিকে, গ্যাস সরবরাহ স্বাভাবিক রাখা এবং কালবাজারি রোখার দাবিতে আজ কলকাতায় মিছিল করে CPIM ও কংগ্রেস ।

*********************

বাংলাদেশের ছাত্র নেতা ওসমান হাদি খুনে অভিযুক্ত ফয়জল এবং আলমগিরকে এদেশে প্রবেশে সহযোগিতার অভিযোগে এক বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে রাজ্য পুলিশের এসটিএফ। মেঘালয়ের বাসিন্দা ধৃত ফিলিপ সাংমা, বাংলাদেশী অনুপ্রবেশকারী বলে জানা গেছে। নদীয়ার শান্তিপুরের বাইপাস এলাকা থেকে আজ সকালে ফিলিপকে ধরা হয়।

********************

উত্তরপ্রদেশ থেকে ওড়িশা পর্যন্ত বিস্তৃত নিম্নচাপ অক্ষরেখা ক্রমশ এরাজ্যের দিকে সরে আসছে। এছাড়া প্রচুর পরিমাণে জলীয় বাষ্প বাতাসে প্রবেশের ফলে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামীকাল থেকে বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সোমবার বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান, বাঁকুড়া ও হুগলি জেলাতে কালবৈশাখীর সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন। মঙ্গলবার পর্যন্ত এই বৃষ্টি ও দমকা হাওয়া বজায় থাকবে এবং এর ফলে তাপমাত্রা কিছুটা কমতে পারে ।

এদিকে, উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে বৃষ্টির সম্ভাবনা বেশি থাকবে। আগামীকাল দু এক জায়গায় ভারী বৃষ্টির পূর্বাভাস।

********************

যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ ISL ফুটবলে ইস্টবেঙ্গল ও কেরালা ব্ল্যাস্টার্সের মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। ১০ মিনিটে পেনাল্টি থেকে ইউসুফ এজেদারির দেওয়া গোলে বিরতিতে ইস্টবেঙ্গল ১-০ এগিয়ে ছিল। খেলার শেষ মুহূর্তে কেরালা ব্লাস্টারসের আজসল গোল করে সমতা ফেরান। ইস্টবেঙ্গল পাঁচ ম্যাচে আট পয়েন্ট নিয়ে লিগ তালিকার তৃতীয় স্থানে রয়েছে। এবারের লিগে ইস্টবেঙ্গলের এটি দ্বিতীয় ড্র। কেরালা ব্লাস্টারস পঞ্চম ম্যাচে প্রথম পয়েন্ট সংগ্রহ করলো।

বেঙ্গালুরুর কান্তিরাভা ষ্টেডিয়ামে অন্য ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, বেঙ্গালুরু FC-r মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে এই খেলা এখনো গোলশূণ্য রয়েছে।

********************

জরুরি রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আগামীকাল আরো এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ওইদিন সকাল ছটা থেকে সন্ধ্যে ছটা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সব ধরনের যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে আজ এক

বিবৃতিতে জানানো হয়েছে। ওই সময় সেতুর উপর দিয়ে চলাচলকারী সব ধরনের যানবাহন,  বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

*************************************************************************